

তাৰিখ ... AUG. 12 1998

পৃষ্ঠা 9 কলাম 2

তোৱেন বাবু

51

নিবায়ন আদেশ না আসায় ৩ পার্বত্য জেলার শতাধিক শিক্ষকের ভোগান্তি

রাঙ্গামাটি প্রতিনিধি: শিক্ষা মন্ত্রণালয়ের
নিবায়ন আদেশ না পৌছার কারণে পার্বত্য
তিনি জেলায় সরকারি বিদ্যালয়গুলোর প্রাতঃ
বিভাগের শতাধিক শিক্ষক গত জুলাই
মাসের বেতন পাননি।

দায়িত্বশীল একটি সূত্র মতে, দেশব্যাপী
যেসব সরকারি বালক ও বালিকা উক্ত
বিদ্যালয়ে প্রাতঃ বিভাগ রয়েছে সেগুলোর
শিক্ষকদের বেতন-ভাত্তা প্রদানের জন্য প্রতি
বছর শিক্ষা মন্ত্রণালয় থেকে রিটেনশান
(নিবায়ন আদেশ) পাঠানো হয়। কিন্তু এ
বছর তা না পাঠানোর কারণে তিনি পার্বত্য
জেলার প্রাতঃ বিভাগের শিক্ষকরা বেতন
পাচ্ছেন না।

রাঙ্গামাটি জেলা হিসাবরক্ষণ অফিস সূত্র
মতে, জুন '৯৯ মাসের বেতন দেওয়া
হয়েছে বিশেষ বিবেচনায়। তবে চট্টগ্রামের
উপপরিচালকের লিখিত অনুরোধে গতকাল
মঙ্গলবার, রাঙ্গামাটি সরকারি উক্ত
বিদ্যালয়ের শিক্ষকদের বেতন ঘাড় করা
হয়েছে। কিন্তু সরকারি বালিকা উক্ত
বিদ্যালয়ের কোনো সুরাহা হয়নি।